# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ৫. ৫. অবাধ্য যাজক-ইমামদের বলিদান ও পুড়ানো

“পশু বলির জন্য ইয়ারাবিম যখন বেদীর কাছে দাঁড়িয়ে ছিলেন তখন মাবুদের কথামত আল্লাহর একজন বান্দা এহূদা থেকে বেথেলে উপস্থিত হলেন। তিনি মাবুদের কথামত বেদীর বিরুদ্ধে ঘোষণা করলেন, ‘ওহে বেদী, ওহে বেদী, মাবুদ এই কথা বলছেন, দাউদের বংশে ইউসিয়া ( যোশিয়: Josiah)[1] নামে একটি ছেলের জন্ম হবে। পূজার উঁচুস্থানগুলোর যে ইমামেরা/ পুরোহিতেরা (priests)[2] তোমার উপর পশু বলি দিচ্ছে সেই পুরোহিতদের সে তোমার উপরেই কোরবানী দেবে এবং মানুষের হাড়ও পোড়াবে।” (১ বাদশাহনামা/ রাজাবলি ১৩/১-২)

বাদশাহ যোশিয় বা উইসিয়া ঈশ্বরের এ নির্দেশ আক্ষরিকভাবেই পালন করেন: “ইউসিয়া ঐ সব বেদীর উপরে সেখানকার পুরোহিতদের জবাই করলেন এবং সেগুলোর উপর মানুষের হাড় পোড়ালেন।” (২ বাদশাহনামা ২৩/২০)

### ফুটনোট

[1] যিশু, যোশিয়, যিহোশূয়, ঈসা, ইউসিয়া, ইউসা... ইত্যাদি একই হিব্রু শব্দের বিভিন্ন উচ্চারণ মাত্র, শব্দটির অর্থ ‘রক্ষাকর্তা’ বা ‘ত্রাণকর্তা’। ইহুদিদের মধ্যে এটি একটি বহুল প্রচলিত নাম।

[2] এখানে ইংরেজিতে ‘priests’, বাংলায় পুরোহিত বা যাজক। কেরি ও জুবিলী বাইবেলে প্রিস্ট শব্দের অনুবাদে যাজক বা পুরোহিত বলা হয়েছে। কিতাবুল মোকাদ্দসে প্রিস্ট শব্দের অনুবাদে ইমাম লেখা হয়েছে। তবে এখানে পুরোহিত লেখা হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14410

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন